



বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়,
৮৩-৮৫ মতিঝিল বানিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
ঋণ শ্রেণীবিন্যাস বিভাগ।

ফোনঃ ৯৫১৪৯১২
ফ্যাক্সঃ ৯৫৫০৫০৫ (অনুঃ)
E-mail:
dgmlcd@krishibank.org.bd

নং প্রকা/সিএল-৩/২০১৯-২০২০/ ১২৭ (২২৫০)

তারিখঃ ২৬-১১-২০১৯

মহাব্যবস্থাপক
স্থানীয় মুখ্য কার্যালয়,
উপ-মহাব্যবস্থাপক
সকল কর্পোরেট শাখা,
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক,
সকল শাখা ব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় : ঋণ হিসাবসমূহে সঠিকভাবে CL Marking এবং যথাযথ প্রক্রিয়ায় সুদ হিসাবায়ন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপরোক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বাংলাদেশ কৃষি ব্যাংক বর্তমানে ৪২৫টি শাখা অনলাইন, ৩৬১টি শাখা অফলাইন এবং ২৫২টি ম্যানুয়াল শাখাসহ সর্বমোট ১০৩৮টি শাখার মাধ্যমে বাণিজ্যিক ব্যাংকিং এর পাশাপাশি কৃষি ঋণ সহ অন্যান্য খাতে ঋণ প্রদানের মাধ্যমে দেশের আর্থ-সামাজিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। ব্যাংকের বিভিন্ন উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়ন ও সিদ্ধান্ত নেওয়ার জন্য মাননীয় ব্যবস্থাপনা কর্তৃপক্ষের প্রতিটি শাখার লাভ লোকসানসহ প্রকৃত আর্থিক অবস্থা জানা একান্ত আবশ্যিক। শাখার প্রকৃত আর্থিক অবস্থা নির্ণয়ের জন্য ত্রৈমাসিক, অর্ধবার্ষিক এবং বার্ষিক হিসাব সমাপনীতে ঋণের সুদ সঠিকভাবে হিসাবায়ন করার কোন বিকল্প নেই। এ বিষয়ে কেন্দ্রীয় হিসাব বিভাগের ১২-০৬-২০১৯ তারিখের পরিপত্র নং-১৭/২০১৯ এর প্রতি সকলের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। ঋণের সুদ সঠিকভাবে হিসাবায়নের জন্য প্রতিটি ঋণ হিসাব সঠিকভাবে CL Marking করা আবশ্যিক। কেননা সঠিক CL Status ব্যতীত ঋণের সুদ স্থানান্তর প্রক্রিয়া (বিশেষ করে Computerized Banking এর ক্ষেত্রে) যথাযথভাবে সম্পন্ন করা কোনভাবেই সম্ভব নয়।

০৩। অত্যন্ত উদ্বেগের সাথে লক্ষ্য করা যাচ্ছে যে, অত্র বিভাগের কঠোর নির্দেশনা থাকা সত্ত্বেও কিছু কিছু শাখা (অনলাইন, অফলাইন, ম্যানুয়াল) ঋণ শ্রেণীবিন্যাস বিবরণীতে ঋণ হিসাবসমূহের দেয় তারিখ সঠিকভাবে না দেয়ার কারণে অনেক ক্ষেত্রে ঋণের সুদ ৫২ তথা স্থগিত সুদ খাতে স্থানান্তরিত না হয়ে আয় খাতে স্থানান্তরিত হয়। বাংলাদেশ ব্যাংকের বিআরপিডি সার্কুলার নং-১৫, তারিখঃ ২৩-০৯-২০১২ এবং বিআরপিডি সার্কুলার নং-১৭ তারিখঃ ১৭-১২-২০১৮ অনুযায়ী কোন ঋণ হিসাব ডাউনপেমেন্টসহ বা ডাউনপেমেন্ট ছাড়া যেভাবেই পুনঃতফসিল করা হোক না কেন উক্ত ঋণ হিসাবের স্ট্যাটাস UC থাকা সত্ত্বেও প্রকৃত আদায় সংঘটিত না হওয়া পর্যন্ত চার্জকৃত সুদ স্থগিত সুদ হিসাবে সংরক্ষিত থাকবে, যা আয় খাতে নেওয়ার সুযোগ নেই। কিন্তু এ ক্ষেত্রেও অনেকগুলো শাখা পুনঃতফসিলকৃত ঋণ হিসাবে সুদ চার্জ করে আয় খাতে স্থানান্তর করছেন, যা বাংলাদেশ ব্যাংকের বিআরপিডি সার্কুলার নং-১৫, কেন্দ্রীয় হিসাব বিভাগের পরিপত্র নং-১৭/২০১৯ এবং অত্র বিভাগের ২৫-০৬-২০১৯ তারিখের পত্র নং-৪২৫ এর পরিপন্থী।

০৪। এমতাবস্থায়, ভবিষ্যতে উপরোক্ত অনিয়মের যাতে পুনরাবৃত্তি না ঘটে সে বিষয়ে সকল শাখা ব্যবস্থাপকগণকে হিসাব সমাপনীর পূর্বে সর্বোচ্চ সতর্কতা অবলম্বনের নির্দেশ দেওয়া হলো। পরবর্তীতে নিরীক্ষা চলাকালে/কম্পিউটারাইজড শাখায় অডিট ট্রায়াল রিপোর্ট যাচাইয়ে উক্ত ঘটনার পুনরাবৃত্তি পরিলক্ষিত হলে শাখা ব্যবস্থাপক, ২য় কর্মকর্তা ও সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে বিধি মোতাবেক প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

অনুমোদনক্রমে,

আপনার বিশ্বস্ত

(স্বাক্ষর: আজিজুল বারী)

মহাব্যবস্থাপক

ঋণ আদায় মহাবিভাগ (অতিঃ দায়িত্বে)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়-৩ এর দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০৩। ষ্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, ঋণ আদায় মহাবিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০৪। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৫। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা।

তাকৈ পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।

- ০৬। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৭। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৮। নথি/মহানথি।

২৬/১১/২০১৯

(মুহম্মদ সাজ্জাদ হোসেন)

সহকারী মহাব্যবস্থাপক (বিভাগীয় দায়িত্বে)